

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/11/2019

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

**সল্ট (STATE AND LOCAL TAX, SALT) সংক্রান্ত সমস্যার সমাধান করার জন্য ইন্টার্নাল
বেভিনিউ সার্ভিস (INTERNAL REVENUE SERVICE, IRS) এর দ্বারা চূড়ান্ত করা নিয়মগুলি
সম্পর্কে গভর্নর অ্যাঙ্কু এম. কুওমোর বিবৃতি**

এই নিয়মটি চূড়ান্ত করার মাধ্যমে, ফেডারেল সরকার নিউ ইয়র্কের উপর রাজনৈতিকভাবে অনুপ্রাণিত অর্থনৈতিক আক্রমণ চালিয়ে যাচ্ছে - এমন এক আক্রমণ যা কংগ্রেসে রাষ্ট্রপতি ট্রাম্প ও তার সহযোগীদের সাথে শুরু হয় এবং এখন IRS তা অগ্রসর করছে। IRSকে রাজনৈতিক অস্ত্র হিসাবে ব্যবহার করা উচিত নয়। আজ প্রণীত বিধানগুলির আইন অনুযায়ী কোন ভিত্তি নেই, কংগ্রেস থেকে অনুমোদন ছাড়াই কয়েক দশকের নজির নস্যাত করে এবং নিউ ইয়র্ক ও অন্যান্য রাজ্যের প্রতিষ্ঠিত কর্মসূচীগুলিকে তার লক্ষ্য করে, যা দাতব্য অবদানগুলিকে উৎসাহিত করে।

নিউ ইয়র্ক ইতিমধ্যেই প্রতি বছর আমরা যা ফিরে পাই তার চেয়ে ওয়াশিংটনে 36 বিলিয়ন ডলার বেশি পাঠায়। এবং রিপাবলিকানদের সল্ট ক্যাপের কারণে, নিউ ইয়র্কবাসীদের ATMগুলিতে ব্যবহার করা হচ্ছে, প্রতি বছর 15 বিলিয়ন মার্কিন ডলার অতিরিক্ত অর্থ প্রদানের মাধ্যমে যা বেশির ভাগ রিপাবলিকানদের ভোট দেওয়া রাজ্যগুলি এবং কর্পোরেশনগুলির মধ্যে বিতরণ করা হবে। এই অর্থনৈতিক আক্রমণের প্রতিক্রিয়াস্বরূপ, আমরা একটি নতুন দাতব্য অবদানমূলক কর্মসূচী তৈরি করেছি যা দীর্ঘস্থায়ী আইনি উদাহরণ ও ফেডারেল ট্যাক্স প্রশাসনের নীতির সাথে পুরোপুরি মানানসই। আমরা আমাদের রাজ্য এবং আমাদের করদাতাদের উপর এই আক্রমণ প্রতিরোধ করার জন্য মামলা সহ সমস্ত বিকল্পগুলি ব্যবহার করব।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov

নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)